

“শেখ হাসিনার দর্শন, সব মানুষের উন্নয়ন”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
এনসিএসটি ও বঙ্গবন্ধু ফেলোশিপ ট্রাস্ট সেল
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.most.gov.bd

নং:৩৯.০০.০০০০.০১০.৯৯.০২.১৭.১৩৫

তারিখ: ১৩ ভাদ্র ১৪২৪
২৮ আগস্ট ২০১৭

প্রজ্ঞাপন

বিজ্ঞান ও প্রযুক্তির বিভিন্ন ক্ষেত্রে যোগ্যতাসম্পন্ন বিজ্ঞানী, প্রযুক্তিবিদ ও গবেষক তৈরির লক্ষ্যে বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্টের আওতায় দেশে-বিদেশে এমএস বা সমতুল্য ডিগ্রি, ডক্টরাল ও পোস্ট ডক্টরাল পর্যায়ে গবেষণা ও অধ্যয়নের জন্য ফেলোশিপ প্রদানের উদ্দেশ্যে ফেলো নির্বাচনের জন্য নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে এওয়ার্ড কমিটি গঠন করা হলো:

(ক) এওয়ার্ড কমিটির গঠন:


(১)	সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	-আহবায়ক
(২)	অতিরিক্ত সচিব (বি:প্র:)/সংশ্লিষ্ট উইং প্রধান, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	-সদস্য
(৩)	অধ্যাপক ড. শরীফ আখতারুজ্জামান, জীন প্রকৌশল ও জীবপ্রযুক্তি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়	-সদস্য
(৪)	অধ্যাপক নুর মো: রহমতুল্লাহ, ডিন, এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট অনুষদ, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, আগারগাঁও, ঢাকা	-সদস্য
(৫)	অধ্যাপক ড. মো: নূরে আলম আব্দুল্লাহ, পদার্থ বিজ্ঞান বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়	-সদস্য
(৬)	ডিন, তড়িৎ ও ইলেকট্রনিক্স কৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়	-সদস্য
(৭)	জনাব মো: মনিরুজ্জামান, যুগ্মসচিব (রা: প্র:-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়	-সদস্য
(৮)	জনাব মো: বেলায়েত হোসেন তালুকদার, যুগ্ম-সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়	-সদস্য
(৯)	প্রধান নির্বাহী কর্মকর্তা, বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট	সদস্য-সচিব

(খ) এওয়ার্ড কমিটির কার্যপরিধি:

- (১) এই কমিটি বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রার্থীর তালিকা হতে ফেলোশিপ এবং অনুদান প্রাপ্তির তালিকা চূড়ান্ত করবে। প্রাপ্ত তথ্যের ভিত্তিতে উপযুক্ত মনে করলে এই কমিটি কোন প্রজেক্ট/থিসিস বাছাই কমিটির পুনর্বিবেচনার জন্য পরামর্শ প্রদান করবে।
- (২) এই কমিটি বিদেশে অধ্যয়নের ক্ষেত্রে নির্বাচিত ফেলোগণের দেশভিত্তিক সঙ্গতিপূর্ণ লিভিং এলাউন্স পর্যালোচনা করে যুক্তিসঙ্গত পরিমাণ অর্থ নির্ধারণ করার সুপারিশ করবে।
- (৩) এই কমিটি আবেদনকারীর বিদেশে অধ্যয়নের ক্ষেত্রে ফেলোশিপের অর্থ অপ্রতুল বিবেচিত হলে প্রার্থীর আবেদনের ভিত্তিতে তাকে অন্য কোন উৎস হতে আংশিক খরচ মিটানোর অনুমতি প্রদান করবে।
- (৪) ফেলোশিপ প্রদান এবং নবায়নের ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণ করবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে


মো: আছির উদ্দীন সরদার
উপসচিব
ফোন-৯৫১৫৪৩৩